Deaf Child Worldwide

# আপনার শ্রবণ প্রতিবন্ধি সন্তানের সাথে বাড়িতে শেখার জন্য কার্যসমূহ

এমন একটি পরিবেশ তৈরি করুন যেখানে আপনার শিশু প্রাকৃতিক উপায়ে শিখতে পারে। আপনার সন্তানকে সঠিকভাবে হাত ধোয়া শেখানো এবং কোন হাত ধুতে হবে তা বোঝানোর চেষ্টা করা যে কোনো বই থেকে শেখার মতোই গুরুত্বপূর্ণ। আপনার সন্তানের জীবনভিত্তিক দক্ষতা বিকাশের অনেকগুলি কার্যকর উপায় রয়েছে।

বস্তু গননা করা এবং আপনার আঙ্গুলের সাহায্যে সংখ্যাগুলি দেখানো

রান্না করার সময় উপাদান গুলির নাম এবং কীভাবে সেগুলো পরিবর্তিত হয় তা ব্যাখ্যা করা

আপনার শিশুকে গাছ, পাহাড়, নদী, ফল, শাকসবজি, প্রাণী বা পাখির নাম বলা এবং একটি নির্দিষ্ট ইশারায় সম্মত হওয়া অথবা এদের প্রতিটির বর্ণনা, স্পর্শ, স্বাদ, অথবা ঘ্রাণ নেবার মাধ্যমে আপনার শিশুকে রং, আকার, আকৃতি, স্বাদ ও গন্ধ সম্পর্কে শেখানো।

আপনার সন্তানকে তার নামের বর্ণগুলি শিখতে সহায়তা করা।


তাদের সময় বলতে শেখানো


# খুবই ছোট শ্রবণ প্রতিবন্ধী এবং কানে শোনা শিশু যারা বাড়িতে বসে শিখছে তাদের জন্য কর্মকান্ডসমুহ

## প্রতিভা প্রদর্শন

কাগজে বা মাটিতে কোন বস্তু বা প্রাণীর একটি রেখাচিত্র আঁকুন। আপনার কাছে যদি ম্যাগাজিনের কোনো চিত্র থেকে থাকে তবে তার রেখাচিত্র ব্যবহার করতে পারেন। চার বা পাঁচবার ছবিটি আঁকুন। আপনি যখন ছবি গুলি আঁকবেন, প্রতিবার একই জিনিস আঁকার চেষ্টা করুন তবে তার একটিতে ছোট পরিবর্তন করুন। উদাহরণ স্বরুপ, আপনি যদি একটি কুকুর বা একটি হাতি আঁকেন, একটি দীর্ঘ লেজ যুক্ত আঁকুন এবং বাকিগুলোর লেজ ছোট রাখুন।

- কান কি একই রকম ?
- কোনটি ভিন্ন ?
- তাদের আকার কি একই রকম ?





## আবার এক সাথে করুন

একটি সাধারন ছবি আঁকুন, বা কোন সংবাদ পত্র বা ম্যাগাজিন থেকে একটি ব্যবহার করুন। ছবিটি টুকরো করে কেটে ফেলুন এবং আপনার শিশুকে ধাঁধার মতো আবার এক করার চেষ্টা করতে বলুন। অথবা, বিড়াল বা অন্য কোন প্রাণীর একটি রূপরেখা আঁকুন এবং একটি অংশ কেঁটে ফেলুন। আপনার শিশুকে ছবির কেটে ফেলা অংশটি আঁকতে বলুন।



# খুবই ছোট শ্রবণ প্রতিবন্ধী এবং কানে শোনা শিশু যারা বাড়িতে বসে শিখছে তাদের জন্য কর্মকান্ডসমূহ

## হারানো জিনিস

বাড়ি বা বাগানের চারপাশ থেকে বেশ কয়েকটি পৃথক বস্তু একত্রিত করুন এবং এগুলি একসাথে রাখুন। আপনার শিশুকে বস্তু গুলি দেখান এবং তাঁদের নাম মনে রাখতে বলুন। আপনার শিশুকে চোখ বন্ধ করতে বা ঘুরে দাঁড়াতে বলুন এবং তারপর যেকোনো একটি বস্তু সরিয়ে ফেলুন। আপনার শিশুকে আবার তাকাতে বলুন এবং দেখুন যে বস্তুটা নেই সে তা মনে করতে পারছে কিনা। আপনার শিশুকে জিজ্ঞাসা করুন কোনটি নেই। আপনি খেলায় আরো বস্তু যুক্ত করে খেলাটিকে আরো কঠিন করে তুলতে পারেন। পালাক্রমে খেলার জন্য এটি খুবই ভালো একটি খেলা যেখানে আপনার শিশুও বস্তু গুলি সরিয়ে নিতে পারে এবং আপনাকে অনুমান করতে হবে কোন জিনিসটি নেই। এটি আপনাকে এবং আপনার শিশুকে যোগাযোগ করতে এবং নতুন শব্দ ও ইশারা শিখতে সহায়তা করবে।

## বস্তুর নামকরণ

শব্দ এবং ইশারা গুলিকে বস্তুর সাথে যুক্ত করতে শিশুদের সহায়তা করার এটি একটি দারুন উপায়। আপনি ‘ছোট চেয়ার’, ‘বড় টেবিল’, ‘নীল বাতি’ এরমত বর্ণনা মূলক শব্দের সাথে পরিচয় করিয়ে দিতে পারেন।আপনি যদি শব্দ গুলির ইশারা নাম না জানেন তবে নিজে নিজে ইশারা তৈরি করতে পারেন বা অঙ্গ ভঙ্গি দিয়ে বোঝানোর চেষ্টা করুন, অথবা আপনার শ্রবণ প্রতিবন্ধী শিশু যদি বিদ্যালয়ে ইশারা শিখে থাকে তবে তাদের বলুন আপনাকে ইশারা দেখানোর জন্য। আপনার শিশু যদি পড়তে এবং লিখতে শিখতে শুরু করে থাকে, আপনি তাকে বিভিন্ন গৃহস্থালী সামগ্রীতে লেবেল লিখতে বলতে পারেন। এটি তাদের লেখার, বানান করার এবং নতুন শব্দ শেখার অনুশীলনে সহায়তা করবে।

## সংখ্যা মিলানো

বালিতে বা কাগজে কিছু বৃত্ত আঁকুন এবং প্রতিটিতে এক থেকে দশের মধ্যে যেকোনো একটি সংখ্যা লিখুন। অনেক গুলো ভিন্ন ভিন্ন জিনিস (উদাহরণ বোতলের ক্যাপ, পাথর, বাদাম, পাতা) একসাথে সংগ্রহ করুন এবং আপনার শিশুকে প্রতিটি বৃত্তে সঠিক সংখ্যক জিনিস রাখতে বলুন। এটি আপনার শ্রবণ প্রতিবন্ধী শিশুটিকে সংখ্যার নাম এবং সংখ্যার প্রতীক মিলানো, মনোযোগ সহকারে গণনা করতে এবং মজার উপায়ে নতুন শব্দ শিখতে সহায়তা করবে।

## অভিনয়

একটি নরম খেলনা বা পুতুল ব্যবহার করুন এবং পুতুলের সাথে একটি দৈনন্দিন কাজ সম্পাদন করুন। এই কাজের মাধ্যমে শিশুরা শরীরের অংশ গুলির নাম ও ইশারা এবং কিছু প্রত্যক্ষ কর কর্মকান্ড শিখতে পারবে। সম্ভবত পুতুল রান্না করা বা পোশাক পরা বা অন্যান্য দৈনন্দিন কাজকর্ম শিখতে সহায়তা করতে পারে।

# ঘরে বসে শিখছে এমন বয়স্ক শ্রবণ প্রতিবন্ধী শিশু এবং যুবকদের জন্য কর্মকান্ডসমূহ

**বয়স এবং বিদ্যালয়ের শ্রেনীর উপর নির্ভর করে আপনার শ্রবণ প্রতিবন্ধী সন্তানের কাছে পড়ার জন্য পাঠ্যপুস্তক থাকতে পারে, তবে যদি তা নাও থাকে, তারা বাড়িতে থাকাকালীন সময়ে শিখতে পারে। আপনার যদি ইন্টারনেট থেকে থাকে বা অনলাইন অ্যাপ্লিকেশন ব্যবহার করে থাকেন তবে অনেক গুলি ওয়েব সাইট রয়েছে যা শিখতে সহায়তা করতে পারে তবে খেয়াল রাখতে হবে এগুলি যেন নিরাপদ হয় এবং আপনার শিশুটি যেন সারাদিন এটি ব্যবহার না করে। আপনার স্থানীয় শিক্ষকদের দরকারি ওয়েব সাইট গুলি সম্পর্কে জানা থাকতে পারে এবং আপনি তাদের সুপারিশ করতে বলতে পারেন।**

## ইশারা এবং অঙ্গভঙ্গি

আপনার শ্রবণ প্রতিবন্ধী শিশুকে বলুন আপনাকে ইশারা শেখাতে যাতে তাদের সাথে আপনিও শিখতে পারেন এবং আরো বেশি যোগাযোগ করতে পারেন। কে সবচেয়ে বেশি ইশারা শিখতে পারে তা দেখার জন্য একটি পারিবারিক প্রতিযোগিতার আয়োজন করুন, তবে মনে রাখবেন যে জিনিস পত্রের ইশারা নাম শেখা ইশারা ভাষা শেখার শুরু মাত্র।



## পাঠ্য পুস্তক ব্যবহার

আপনার শিশু যদি বিদ্যালয়ের পাঠ্য বই নিয়ে বাড়িতে আসে তবে তাদের বই পড়তে উৎসাহিত করুন। তবে এরজন্য তাদের সাহায্যের প্রয়োজন হতে পারে। বই গুলিতে অনুশীলন রয়েছে যেগুলো আপনি সন্তানকে নিজে নিজে করার জন্য নির্দেশনা দিতে পারেন। উত্তর লেখায় সহায়তার জন্য একটি নোটবই থাকলে আপনার সন্তানের সুবিধা হবে। তাদের কাজের প্রতি আগ্রহ দেখান এবং অনুশীলন গুলি নিয়ে তাদের সাথে আলোচনা করুন বা সহায়তা করুন; যদি পারেন সেগুলি সংখ্যা দ্বারা মূল্যায়ন করুন। তাদের যদি কোন ভাই-বোন থাকে তবে তারা পড়াশুনার বন্ধু বা শিক্ষক হিসাবেও কাজ করতে পারে।



## ঘরে বসে শিখছে এমন বয়স্ক শ্রবণ প্রতিবন্ধী শিশু এবং যুবকদের জন্য কর্মকান্ডসমূহ

ছোট ভাই-বোনদের সাথে একত্রে শেখা
বড় সন্তানরা ছোট সন্তানদের সংখ্যা পড়তে এবং লিখতে বা ব্যবহার করতে শেখাতে পারে। তারা গল্প তৈরী করতে পারে এবং গল্প গুলো ছোট সন্তানদের বলে বা কাগজে অথবা বালিতে ছবি এঁকে তাদের বিনোদন করতে পারে। তারা একটি খেলা তৈরি করে এর নিয়মগুলি লিখে রাখতে পারে, তারপরে পরিবারের অন্যান্য সন্তানদের এবং পরিবারের লোকেদের খেলাটি শেখাতে পারে।





# ঘরে বসে শিখছে এমন বয়স্ক শ্রবণ প্রতিবন্ধী শিশু এবং যুবকদের জন্য কর্মকান্ডসমূহ

## অন্যান্য শিখন কর্মকান্ড

আপনার বয়স্ক শ্রবণ প্রতিবন্ধী সন্তানকে বাজারের তালিকা শিখতে এবং জিনিস গুলি কেনার জন্য প্রয়োজনীয় অর্থ ব্যায় করতে সহায়তা করুন। এটি তাদের লেখালেখি এবং গণিতে সহায়তা করবে। অথবা, আপনি যদি বাড়ির বাইরে যেতে না পারেন, কয়েকটি জিনিস সহ বাজারের দোকান হিসাবে একটি ঘর বা ছোট জায়গা তৈরি করুন । আপনার শিশু জিনিস গুলি কিনে তার জন্য অর্থ প্রদানের ভান করতে পারে বা তারা দোকানদার হতে পারে এবং জিনিস পত্র বিক্রি করে ভাংতি ফেরত দিতে পারে এবং গণনা করতে পারে। এই কেনাকাটা কর্মকান্ডের মাধ্যমে সন্তানরা অর্থে ধারণা টি শিখতে পারবে।

তাদেরকে একটি গল্প বলতে বলুন, এবং সম্ভব হলে তা লিখে রাখুন। তারা আপনাকে স্কুল বা তাদের প্রিয় খেলাধূলার বিষয়ে বলতে পারে বা তাদের পরিচিত কোন ব্যাক্তির বর্ণনা দিতে পারে। অন্যভাবে, খাবারের জন্য যা রান্না করা হচ্ছে তারা তার উপাদান এবং নির্দেশাবলী সহ একটি রেসিপি লিখে ফেলতে পারে এবং এমনকি রান্নার সহায়তা করতে পারে।

যারা লিখতে শিখছে, তাদের অক্ষর এবং শব্দ গুলি অনুলিপি করতে বলুন তবে সর্বদা তাদের কেবল অনুলিপি না করে শব্দের অর্থ বুঝতে সহায়তা করুন। শব্দের ইশারা না জানলে নিজেই ইশারা তৈরি করুন বা অঙ্গভঙ্গির মাধ্যমে বুঝিয়ে দিন অথবা আপনার শিশু ইতিমধ্যে ইশারা জেনে থাকলে আপনাকে তা শেখাতে বলুন।

## পারিবারিক গাছ

আপনার সন্তানের সাথে মিলে পরিবারের সদস্যরা কিভাবে একে অপরের সাথে সম্পর্কিত তা দেখিয়ে একটি পারিবারিক গাছ আঁকুন।

## মানচিত্র

আপনার স্থানীয় এলাকার রাস্তা, বিল্ডিং, মাঠ, দোকানপাট, স্কুল ইত্যাদি দেখিয়ে আপনার শিশুটির সাথে মিলে একটি মানচিত্র আঁকুন। মানচিত্রে যতটা বিস্তারিত দেখানো সম্ভব দেখান।

আপনার বাড়ির কাছে ফুল, গুল্ম এবং বৃক্ষ গুলি ঘুরে দেখে কী ভাবে বীজ গাছে পরিনত হয় তা বুঝিয়ে দিন। আপনার সন্তানকে একটি উৎসবের ছবি দেখান এবং ছবিতে কি হচ্ছে তা আলোচনা করুন। একটি উৎসবের সময় কি হয় তা চিন্তা করুন, এবং এটি বর্ষ পঞ্জির কোন সময়ে হয়।

**আপনার শ্রবণ প্রতিবন্ধি সন্তানের সাথে মিলেমিশে শেখা আনন্দময় হতে পারে! যোগাযোগের সবচেয়ে ভালো উপায়গুলি একসাথে কাজ করেই শিখুন।**